



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/এইচএসসি-ফলাফল/২০২৫/৪৫০(১২)

তারিখ : ১৩/১০/২০২৫ খ্রি.

বিষয় : ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ প্রসঙ্গে।

সূত্র : আন্তঃ শিক্ষা বোর্ড-এর পত্র স্মারক নং- আশিবো/প্রশাঃ/২০১০/১৪৬, তারিখ- ১৩/১০/২০২৫ খ্রি.।

উল্লিখিত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল আগামী ১৬ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখ সকাল ১০:০০টায় প্রকাশিত হবে। সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত উপায়ে ফল সংগ্রহ এবং পুনঃনিরীক্ষণের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

১. দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.dinajpurboard.gov.bd) থেকে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে স্ব-স্ব প্রতিষ্ঠান Result Sheet download/print করতে পারবে।
২. www.dinajpurboard.gov.bd ওয়েবসাইটে গিয়ে দিনাজপুর শিক্ষা বোর্ড সিলেক্ট করে প্রতিষ্ঠানের EIIN এর মাধ্যমে প্রতিষ্ঠান ভিত্তিক Result Sheet print/download করতে পারবে।
৩. পরীক্ষার্থীগণ সমন্বিত শিক্ষা বোর্ডসমূহের ওয়েবসাইট www.educationboardresults.gov.bd এর মাধ্যমে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে পরীক্ষার ফল সংগ্রহ করতে পারবে।
৪. পরীক্ষার ফল প্রকাশের পর যেকোন মোবাইল নম্বর থেকে HSC<>Board Name (1st 3 Letters) <> Roll <> Year লিখে 16222 এ SMS এর মাধ্যমে ফল জানা যাবে।
৫. পুনঃনিরীক্ষণের জন্য SMS এর মাধ্যমে ১৭/১০/২০২৫ তারিখ থেকে ২৩/১০/২০২৫ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। আবেদন পদ্ধতি টেলিটক বাংলাদেশ লি./শিক্ষা বোর্ড প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।
৬. ফলাফল প্রকাশের দিন থেকে পুনঃনিরীক্ষণের ফল প্রকাশের পরবর্তী ০৭দিন পর্যন্ত বিষয় ভিত্তিক প্রাপ্ত নম্বর এ বোর্ডের ওয়েবসাইটে প্রদর্শিত হবে।
৭. উল্লেখ্য শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা বোর্ড বা পত্রিকা অফিসে পরীক্ষার ফলাফল পাওয়া যাবে না বা প্রকাশিত হবে না।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন
উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান।

প্রফেসর মীর সাজ্জাদ আলী

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সভাপতি, আন্তঃ শিক্ষাবোর্ড সমন্বয় সাব-কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
৪. উপজেলা নির্বাহী অফিসার, এ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, এ শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা-২০২৫ এর সকল কেন্দ্র।
৭. সংরক্ষণ নথি।